



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ।  
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),  
[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)



স্মারক নং-ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/৪৫৩


তারিখ : ২৮/১১/২০২১ খ্রি.

বিষয়: অনিয়মিত ও আংশিক অনিয়মিত পরীক্ষার্থীদের প্রবেশপত্র জটিলতা নিরসন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক পরীক্ষা কেন্দ্র-২০২১ এর ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অনিয়মিত(Irregular)ও আংশিক অনিয়মিত (Irregular Partial) পরীক্ষার্থীদের প্রবেশপত্রে ১ম পত্র ও ২য় পত্রের কোড সংক্রান্ত জটিলতা নিরসনের প্রক্রিয়াটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণের আবেদনের প্রেক্ষিতে শেষ পর্যায়ে রয়েছে। এ ধরনের পরীক্ষার্থীদের প্রবেশপত্র পুনরায় ডাউনলোড ও প্রিন্ট করে বিতরণ করার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো। একই সাথে কেন্দ্র গুলোকে পরীক্ষার্থীদের রোলশীট ও উপস্থিতিপত্রও পুনরায় প্রিন্ট করতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, এ ধরনের পরীক্ষার্থীদের প্রবেশপত্রে বিষয় ভিত্তিক [যেমন: পদার্থবিজ্ঞান ১ম পত্র (১৭৪) আছে পদার্থবিজ্ঞান ২য় পত্র (১৭৫) নাই] একটি কোড থাকলেই অপর কোডের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং বিষয়টি ভারপ্রাপ্ত কর্মকর্তা পরীক্ষার প্রথমদিনই অনিয়মিত ও আংশিক অনিয়মিত পরীক্ষার্থীদেরকে অবহিত করার ব্যবস্থা করবেন। একই সাথে পরীক্ষা চলাকালীন দিনগুলোর মধ্যে পরীক্ষার্থীর রোল,রেজি: নম্বর ও পত্রের কোড উল্লেখপূর্বক লিখিতভাবে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর ইমেইলে ([conbisemym@gmail.com](mailto:conbisemym@gmail.com)) অবহিত করবেন।

বিষয়টি অতিব জরুরি

প্রাপক  
ভারপ্রাপ্ত কর্মকর্তা  
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন  
সকল উচ্চমাধ্যমিক পরীক্ষা কেন্দ্র-২০২১

  
(মোঃ সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ময়মনসিংহ।  
ফোন: ০৯১-৫৩৩৩৫  
Email: [conbisemym@gmail.com](mailto:conbisemym@gmail.com)